সংবাদ

01

তারিখ ... 23 SEP 1985 ...
পৃষ্ঠা ...

আগামী বছর ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত

# ৯২ লাখ ছাত্র-ছাত্রীর জন্য বিনামূল্যে বই

।। এ, এম, এম হাসান ।।

প্রাথমিক শিক্ষা পরিদপ্তর আগামী বছর প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ৯২ লাখ ছাত্র-ছাত্রীকে বিনামূল্যের বই দেয়ার কর্মসূচী নিয়েছে।

চলতি বছর চতুর্থ শ্রেণী পর্যন্ত ৮৩ লাখ ছাত্র-ছাত্রীকে বিনামূল্যের বই দেয়া হয়েছে। এছাড়া পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত দামের অর্ধেক দামে ৪ লাখ সেট বই খোলাবাজারে বিক্রি করা হয়েছে।

আগামী বছর প্রথম শ্রেণীর ৩১ লাখ সেট, দ্বিতীয় শ্রেণীর ২৪ লাখ সেট, তৃতীয় শ্রেণীর ১৫লাখ সেট, চতুর্থ শ্রেণীর ৯লাখ সেট এবং পঞ্চম শ্রেণীর ৯লাখ সেট বই বিনামূল্যে বিতরণ করা হবে। এছাড়া ইউনিসেফের সরাসরি তত্ত্বাবধানে প্রথম শ্রেণীর পূর্ব প্রস্তুতিমূলক পাঠ হিসেবে ১০ লাখ বই ছাপানো হচ্ছে। বাংলা ও অংক সমন্বয়ে 'বাল্য শিক্ষা' ধরনের এই বই প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি করে দেয়া হবে। এসব বই প্রাথমিক বিদ্যালয়েই রাখা হবে। প্রথম শ্রেণীতে পড়ার উপযুক্ত নয়, অথচ বিদ্যালয়ে পড়তে আগ্রহী এমন সব ছেলে-মেয়েদের ওই বই দিয়ে পড়ানো হবে।

আগামী ফেব্রুয়ারীর মধ্যে ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যের বই পৌঁছে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ লক্ষ্যে আগামী ১লা অক্টোবর থেকে জেলা পর্যায়ে বই পৌঁছে দেয়ার কর্মসূচী শুরু করার কথা রয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আশা করছেন যে, কর্মসূচী অনুযায়ী বই সরবরাহ করা সম্ভব হবে। কিন্তু একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে যে, চলতি বছরের মত বিলম্ব না ঘটলেও আগামী বছরও সময়মত বই সরবরাহ করা সম্ভব না-ও হতে পারে। উক্ত সূত্র জানিয়েছেন যে, আগামী বছরের তৃতীয় শ্রেণী পর্যন্ত বই ছাপার জন্য ইউনিসেফ থেকে অফসেট কাগজ সরবরাহ করা হচ্ছে। গত বছর কর্ণফুলী পেপার মিল নির্ধারিত সময়সূচী অনুযায়ী অফসেট কাগজ সরবরাহ করতে না পারায় বই ছাপাতে বিলম্ব

(শেষ প: ১-এর ক: দ্র:)